ওয়সিস ফ্যাশন লি(ইউনিট-২) কাশেম কমপ্লেক্র,গাছা রোড, গাছা, গাজীপুর।	দায়িত্বশীল ব্যাক্তি : বিভাগীয় প্রধান/ পরিচালক অনুমোদনের তারিখ : ০১/১২/২০১৮ সর্বশেষ নবায়নের তারিখ : ০১/১২/২০১৮ কার্যকরের তারিখ : ০১/১২/২০১৮ রিভিউ তারিখ : ৩০/১২/২০১৯

কেমিক্যাল ক্রয় সংক্রান্ত নীতিমালা ও পদ্ধতি

CHEMICAL PURCHASE POLICY & PROCEDURE

১.১ উদ্দেশ্য (Purpose) ঃ

ওয়েসিস ফ্যাশন লিঃ কেমিক্যাল ক্রয় ব্যবস্থাপনার ক্ষেত্রে জাতীয় ও আন্তর্জাতিক আইন, কোম্পানীর প্রচলিত বিধি বিধান, ক্রেতার বা বায়ারের আচরণ বিধির অনুসরন, বায়ার কর্তৃক বা অন্য কোন উপায়ে নিষিদ্ধ কেমিক্যাল ক্রয় বা ওয়াশিং, ডাইং, ফিনিশিং এর সকল পর্যায়ে এর ব্যবহার নিষিদ্ধ করা এবং কর্মক্ষেত্রে পরিবেশ বান্ধব, কম ক্ষতিকর/ ঝুঁকিপূর্ণ, নিরাপদ কেমিক্যালের ব্যবহার নিশ্চিতকরণ এবং ব্যবহারকারীদেরকে স্বাস্থ্য ঝুঁকি থেকে রক্ষা করা, কর্মক্ষেত্রের আশপাশের এবং এর বাইরের পরিবেশকে দূষণ ও বিপর্যয়ের হাত থেকে রক্ষা করাই এ নীতিমালা প্রণয়নের উদ্দেশ্য ।

১.২ লক্ষ্য(Target)ঃ

ওয়েসিস ফ্যাশন লিঃ এর উৎপাদন প্রক্রিয়ায় কোন অবস্থাতেই যাতে বায়ারের অননুমোদিত বা নিষিদ্ধ কেমিক্যাল প্রবেশ করে করতে না পারে এবং সর্বদা পরিবেশ বান্ধব কেমিক্যাল ব্যবহারকে অগ্রাধিকার দেয়া, যদি তা সম্ভব না হয় তবে সেক্ষেত্রে অধিকতর ক্ষতিকর/ ঝুঁকিপূর্ন কেমিক্যাল ব্যবহার পরিহার করে কম ক্ষতিকর/ঝুঁকিপূর্ন কেমিক্যাল ব্যবহার করা ও সকল প্রকার ক্ষতিকর/ ঝুঁকিপূর্ন কেমিক্যাল ব্যবহার হতে বিরত থাকার লক্ষ্যেই এ নীতিমালা প্রনীত।

১.৩ আইনের বিধান(Reference)ঃ

কোম্পানীর প্রচলিত বিধি বিধান, বিভিন্ন বায়ারের আপডেটেট MRSL /RSL অনুসরন, বিভিন্ন খ্যাতনামা বায়ারের Restriction List অনুসরন এবং সর্বোপরি আপডেটেট ইমপি-মেন্টেশন টুল কিট অনুসরন করে অত্র কারখানায় কেমিক্যাল ক্রয় ও ব্যবহার করা হয়।

১.৪ অঙ্গীকার (Commitment) ঃ

জিরো ডিসচার্জ অব হ্যাজারডাস কেমিক্যাল-২০২০ মিশনকে সফল করার লক্ষ্যে পরিবেশ বান্ধব নিরাপদ কেমিক্যাল ক্রয় ও ব্যবহার করার ক্ষেত্রে জাতীয় ও আন্র্জ্জাতিক আইন ও বায়ারের আপডেটেট MRSL/RSL অনুসরন এবং ZDHC Manufacturing RestrictedSubstances List(MRSL) এর সকল নিয়ম-কানুন মেনে ZDHC Positive list ধারী প্রস্ড়তকারী কোম্পানী থেকে কেমিক্যাল ক্রয় ও যথাযথভাবে ব্যবহারের মাধ্যমে ব্যবসাকে লাভজনক নিরাপদ করা ওয়েসিস ফ্যাশন লিঃ ব্যবস্থাপনা কর্তৃপক্ষসহ সকলের প্রধান দায়িত্ব ও কর্তব্য। এরই প্রেক্ষিতে কেমিক্যাল ক্রয় ও ব্যবহার সংক্রান্ত নীতিমালা অনুসরনের মাধ্যমে জিরো ডিসচার্জ অব হ্যাজারডাস কেমিক্যাল- ২০২০ মিশনকে সফল করার জন্য ওয়েসিস ফ্যাশন লিমিটেড এর ব্যবস্থাপনা কর্তৃপক্ষ দৃঢ়ভাবে অঙ্গীকারাবদ্ধ।

Routines/ Procedure for implementation of the policy -

ক্রয় প্রক্রিয়াঃ

অত্র কারখানায় নিরাপদ পরিবেশ বান্ধব কেমিক্যাল ক্রয় ও ব্যবহার কার্যক্রম নির্বিঘ্নে ও সুচারুরূপে সম্পন্ন করার জন্য নিম্নলিখিত ধাপগুলো অনুসরন করা হবে ঃ

ক্রয় নীতিমালাঃ

০১. বায়ারের চাহিদা মাফিক ষ্টাইল ও অর্ডারের বিপরীতে কি কি কেমিক্যাল লাগবে তা উল্লেখ করে স্যাম্পল সংগ্রহ করার জন্য চাহিদা পত্র তৈরি করে সাপ্লাইচেইনকে অবগত করতে হবে।

০২. কেমিক্যাল ক্রয় সংক্রান্ত কাজের সাথে সংশ্লিষ্ট ব্যক্তিকে অবশ্যই কেমিক্যাল বিষয়ে শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে অথবা কেমিক্যাল ব্যবস্থাপনায় অভিজ্ঞ হতে হবে।

০৩. সাপ্লাইচেইন উল্লেখিত কেমিক্যালের সকল TDS, MSDS সহ স্যাম্পলের জন্য পরিচিত সাপ্লায়রদের (Potential Chemical Supplier) অবগত করবে।

০৪. সাপ্লায়ার TDS,MSDS, CoA(Certificate of Analysis) সহ স্যাম্পল কেমিক্যাল ষ্টোরে সরবরাহ করবে।

০৫. কেমিষ্ট উক্ত কেমিক্যালের গুণগত মান নির্ণয় করে একটি রিপোর্ট সাপ্লাইচেইনকে অবগত করবে। রিপোর্ট ভাল হলে কেমিক্যালটি R&D সেকশনে দেয়া হবে। রিপোর্ট ভাল না হলে অন্য সাপ্লায়ারদেরকে একই ভাবে স্যাম্পল দেয়ার জন্য অবগত করা হবে।

০৬. R&D সেকশন TDS অনুযায়ী স্যাম্পল গার্মেন্টস করবে। যদি স্যাম্পল কেমিক্যাল ব্যবহৃত গার্মেন্টস পাশ হয় , তবে কেমিক্যালের দাম ও অন্যান্য প্রয়োজনীয় বিষয়ে কথা বলা হয়। সব কিছু ঠিকমত হলে কেমিক্যালের অরিজিনাল TDS, MSDS, REACH, SVHC, CLP, GOTS 4, ETAD, Oeko-Tex Standard, All Buyers' RSL Comppliance Cerrtificate, APEO, AZO, Formaldehyde free declaration certificate soft & hard copy চাওয়া হয়।

০৭. Environment & Chemical Responsible সকল ডকুমেন্টস ঠিক আছে কিনা নিশ্চিত করবে।

০৮. অত:পর বায়ারদের RSL/ MRSL এ উল্লেখিত নিষিদ্ধ কেমিক্যাল তালিকার অর্ন্তভুক্ত কিনা তা MSDS ও RSL/ MRSL চেক করে নিশ্চিত করা হয়। কেমিক্যাল অর্ডার করার পূর্বে থার্ড পার্টি ল্যাব দিয়ে কোন প্রকার ক্ষতিকর কেমিক্যাল আছে কিনা তা যাচাই করা হয়। রিপোর্ট ভাল হলে চূড়ান্ত সিদ্ধান্তের জন্য ব্যবস্থপনা কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা হয়।

০৯. ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কেমিক্যালটি অর্ডার করার জন্য সাপ্লাইচেইনকে অবগত করবে এবং সাপ্লাইচেইন অর্ডর করবে। কেমিক্যালটি ইন-হাউজ না হওয়া পর্যন্ত সাপ্লাই চেইন তা ফলো-আপ করবে।

১০. কেমিক্যালটি কারখানায় পৌঁছালে সর্ব প্রথম সিকিউরিটি ইনচার্জ চেক করবে সব কিছু অক্ষত অবস্থায় আছে কিনা, পরবর্তীতে ষ্টোর ইনচার্জ কেমিক্যালগুলো ডেলিভারী চালানের সাথে মিলিয়ে পরিমাণ বা সংখ্যা ঠিক আছে কিনা তা নিশ্চিত করে ওয়াশিং হেড এবং কারখানার প্রশাসন প্রধানকে অবগত করে কেমিক্যালগুলো আনলোড করে কেমিক্যালের ড্রাম বা কার্টনের গায়ে FIFO (First In First Out) নম্বর কেমিক্যালের বৈশিষ্ট্য অনুযায়ী ষ্টোরে সংরক্ষণ করতে হবে।

১১. পরবর্তীতে Environment & Chemical Responsible কেমিক্যালের ড্রাম বা কার্টনের লেবেল ঠিক আছে কিনা তা পর্যবেক্ষণ করে বাংলা ভাষায় MSDS ও লেবেল লাগিয়ে দিবেন। কেমিক্যাল যদি তরল হয় তবে সেক্ষেত্রে সেকেন্ডারী কনটেইনমেন্টের ব্যবস্থা করতে হবে।

১২. পরবর্তীতে অনুমোদিত রেসিপি অনুযায়ী রিকুইজিশনের মাধ্যমে ষ্টোর থেকে কেমিক্যাল নিয়ে প্রোডাকশনে ব্যবহার করবে।

১৩. ব্যবহৃত কেমিক্যাল মিশ্রিত তরল বর্জ্য ইটিপি'র মাধ্যমে পরিশোধনের পর BSR & ZDHC-2020 Standard মানমাত্রা বজায় রেখে তা বাহিরে নির্গত করতে হবে। ইটিপি স্লাজ পরিবেশ বান্ধব উপায়ে নির্গত করতে হবে।

১৪. কেমিক্যাল বর্জ্য সঠিক ব্যবস্থাপনার মাধ্যমে পরিবেশে ছাড়ার ব্যবস্থ করতে হবে।

পরিবহণঃ

কেমিক্যাল MSDS এ বর্ণিত উপায়ে স্থানান্তর/ পরিবহণ করতে হবে।

লেবেলিংঃ

০১. কেমিক্যাল কন্টেইনারের লেবেলিং নির্দেশিকা অনুযায়ী হতে হবে।

০২. লেবেলিংয়ে নিম্নলিখিত তথ্য থাকতে হবে Chemical name, CAS/EC No., Supplier,s contract info, Hazard Pictogram and information,risk and safety phase,hazardous statement, batch information, purchase and expire date.

০৩. সমস্ত কেমিক্যাল পাত্রে পরিস্কারভাবে কেমিক্যালের নাম এবং ক্ষতিকারক চিহ্ন নিশ্চিত করতে হবে।

ষ্টোরেজঃ

০১. এমএসডিএস এর তথ্য অনুযায়ী সমস্ত কেমিক্যাল সংরক্ষণ করতে হবে।

০২. সমস্ত কেমিক্যাল কমপেটেবেলিটি চার্ট অনুযায়ী পৃথক পৃথক চেম্বারে সংরক্ষণ করতে হবে।

০৩. কেমিক্যাল ষ্টোরে পর্যাপ্ত আলোর ব্যবস্থা, সঠিক বায়ু সঞ্চালন পদ্ধতি, সমতল ফ্লোর, ইটিপি প্লান্টের সাথে জারুরী ড্রেন সংযুক্ত ও অগ্নি নির্বাপক যন্ত্রের ব্যবস্থা থাকতে হবে। ফাস্ট এইড বক্স, জরুরী আই ওয়াশ, পিপিই ইত্যাদি কেমিক্যাল সংরক্ষনের এলাকায় নিশ্চিত করতে হবে।

০৪. কেমিক্যাল সংরক্ষনের এলাকায় সংক্ষেপিত বাংলা এমএসডিএস নিশ্চিত করতে হবে।

০৫. সমস্ত কেমিক্যালের তথ্য কেমিক্যাল ইনভেনটরি লগে থাকতে হবে।

০৬. সমস্ত কেমিক্যাল ১.৫ মিটারের অধিক উচ্চতায় সংরক্ষণ করা যাবেনা।

০৭. FIFO (FIRST IN FIRST OUT) সিস্টেম অনুযায়ী কেমিক্যাল ব্যবহার করতে হবে।

০৮. কেমিক্যাল ষ্টোরে কোন কিছু খাওয়া বা পান করা যাবেনা।

পরিশিষ্ট (Conclusion)ঃ

কারখানার সকলে এই নীতিমালা অনুযায়ী কেমিক্যাল ক্রয় করছে কিনা, বায়ারের কেমিক্যাল ক্রয়ের নির্দেশিকা অনুসরন করা হচ্ছে কিনা, স্টোরেজ পদ্ধতি ঠিকমত হচ্ছে কিনা, আত্মরক্ষামূলক সরঞ্জামাদি ব্যবহার হচ্ছে কিনা, কেমিক্যাল ড্রামে যথাযথ লেবেলিং আছে কিনা এবং শূন্য ড্রাম ইটিপির মাধ্যম হয়ে সংরক্ষিত হচ্ছে কিনা এবং সর্বোপরি কারখানার অভ্যন্তরে নিষিদ্ধ/ ক্ষতিকারক/ ঝুঁকিপূর্ন কেমিক্যাল ক্রয় যাতে না হয় সেটি নিশ্চিত করা আমাদের লক্ষ্য ও অঙ্গীকার।

প্রস্তুতকারী ঃ	নীতিমালা মূল্যায়ণ ও অনুমোদনের সুপারিশকারী ঃ	অনুমোদনকারী ঃ
ম্যানেজার (এইচ আর এ্যান্ড কমপ্লায়েন্স)	মহাব্যবস্হাপক	ব্যবস্হাপনা পরিচালক